



WEST BENGAL STATE UNIVERSITY

B.A. General Part-II Examination, 2020

বাংলা

তৃতীয় পত্র

সময়: ২ ঘণ্টা

পূর্ণমান: ৫০

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

১ থেকে ৫ নম্বরের প্রশ্নগুলির মধ্যে থেকে যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও

১৫ × ৩ = ৪৫

১।(ক) “এইরূপে পূর্ব ও পশ্চিমের সম্যক মিলনের বাধা ঘটিতেছে বলিয়াই আজ যত কিছু উৎপাত জাগিয়া উঠিতেছে” — পূর্ব ও পশ্চিম প্রবন্ধে রবীন্দ্রনাথের সম্যক মিলনের ধারণাটির পরিচয় দাও। ১৫

অথবা

(খ) ‘কেকাধ্বনি’ প্রবন্ধটির নাম তার বিষয়বস্তুর সঙ্গে কতদূর সামঞ্জস্যপূর্ণ দেখাও। ১৫

২।(ক) ‘কপালকুণ্ডলা’ উপন্যাসটি কোন শ্রেণির উপন্যাস আলোচনা করে দেখাও। ১৫

অথবা

(খ) ‘কপালকুণ্ডলা’ উপন্যাসে মতিবিবি চরিত্রটির গুরুত্ব আলোচনা করো। ১৫

৩।(ক) ‘পল্লীসমাজ’ উপন্যাসে অপ্রধান চরিত্রগুলি উপন্যাসের কাহিনীর নিয়ন্ত্রক হয়ে উঠেছে — আলোচনা করো। ১৫

অথবা

(খ) ‘পল্লীসমাজ’ উপন্যাসে রমা ও রমেশের সম্পর্কের সূত্রে কুসংস্কারাচ্ছন্ন গ্রাম-জীবনের যে ছবি ধরা পড়েছে তার পরিচয় দাও। ১৫

৪।(ক) ‘রাজা ও রাণী’ নাটকে কুমার ও ইলা উপকাহিনীর গুরুত্ব বিচার করো। ১৫

অথবা

(খ) ‘রাজা ও রাণী’ নাটকটি কি বিশুদ্ধ কাব্যনাট্য — যুক্তিসহ দেখাও। ১৫

৫।(ক) ‘না’ গল্পের নামকরণের সার্থকতা নিরূপণ করো। ১৫

অথবা

(খ) জীবন-অভিজ্ঞতার দুই রূপ কীভাবে এক সূত্রে গাঁথা হয়েছে ‘চড়াই উৎরাই’ গল্প অবলম্বনে আলোচনা করো। ১৫

- ৬। নিম্নলিখিত যে-কোনো একটি উদ্ধৃত অংশের উত্তর দাওঃ ৫×১ = ৫
- (ক) “পরশপাথরের স্পর্শে রাস্তাও সোনা হয়।” — কথাটি কে কাকে বলেছে ? পরশপাথর ও রাস্তা বলতে এখানে কী বোঝানো হয়েছে ? ১+১+৩
- (খ) “মেয়েমানুষ হয়ে মেয়েমানুষের নামে এ অপবাদ দিসনে রে ধম্মে সহিবে না।” — কে কাকে কোন প্রসঙ্গে একথা বলেছে ? ১+১+৩
- (গ) “হেসো না ঠাকুর ছি ছি শোকের সময় হাসি অকল্যাণ।” — কে কোন প্রসঙ্গে এ উক্তি করেছে ? এই শোকের কারণ কী ? ৩+২
- (ঘ) “খালি জন্ম দিলেই বাপ হয় না, অন্ন দিলেও হয়।” — কোন প্রসঙ্গে কার উক্তি ? উক্তি অনুসরণে বক্তার মনোভাবের পরিচয় দাও। ২+৩

N.B. : *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

—x—